# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 14 April, 2025

গাজীপুরের সালনায় চিলাহাটি এক্সপ্রেস ট্রেনের বগি লাইনচ্যুত হয়ে ঢাকার সঙ্গে দেশের উত্তরাঞ্চলের রেল যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।এ ঘটনার ১৩ ঘণ্টা পর রেল যোগাযোগ স্বাভাবিক হয়েছে]

আজ সোমবার সকালে বাংলাদেশ রেলওয়ের (উত্তর) সিনিয়র নির্বাহী প্রকৌশলী মো জুয়েল মিয়া বলেন, 'ঢাকা থেকে রিলিফ ট্রেন এসেছে। প্রায় ১৩ ঘণ্টা পর ট্রেন চলাচল স্বাভাবিক হয়েছে।

তিনি বলেন, 'রাতে লাইনচ্যুত বগিগুলো জয়দেবপুর জংশনে আনা হয়েছে।সালনা এলাকায় দেড় কিলোমিটার ডিসকানেক্টেড লাইনে কাজ করা হয়েছে।আজ ভোররাত সোয়া ৩টার দিকে কাজ শেষ হলে ট্রেন চলাচল স্বাভাবিক হয়।

এর আগে গতকাল রোববার দুপুর আড়াইটার দিকে চিলাহাটি থেকে ছেড়ে আসা টেনটির শেষে থাকা লাগেজ ভ্যান লাইনচ্যুত হয়।এতে ঢাকা থেকে ছেড়ে যাওয়া ট্রেনগুলো জয়দেবপুর স্টেশনে আটকা পড়ে।

গাজীপুর বাংলাদেশ রেলওয়ে নির্বাহী প্রকৌশলী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:12

URL: https://timestodaybd.com/across-the-country/775807749